

HIGHER SECONDARY EXAMINATIONS, 2009  
Environmental Education  
(Bengali Version)

Time:1 Hour

Full Marks-40

সমস্ত প্রশ্নের উত্তর দাও:

সঠিক উত্তরটি নির্বাচন কর :

২x২০=৪০

- ১) জলবায়ু পরিবর্তনের অন্যতম কারণ  
ক)বনভূমি হ্রাস খ)অ্যাসিড বৃষ্টি গ)হিমবাহের গলন
- ২) পৃথিবী থেকে.....পরিমাণ বনভূমি গড়ে প্রতি বছর বিলীন হয়ে যাচ্ছে।  
ক)১৭ লক্ষ হেক্টর খ)১৭০ লক্ষ হেক্টর গ)৭ লক্ষ হেক্টর
- ৩) পৃথিবীর জনসংখ্যা ৫০০ কোটি থেকে ৬০০ কোটিতে বৃদ্ধি পেয়েছে মাত্র  
ক)১১ বছরে খ)১৫ বছরে গ)১৭ বছরে
- ৪) প্রত্নতাত্ত্বিক নিদর্শন অনুসারে আদিম মানুষ হোমো হ্যাবিলিসের  
আবির্ভাব.....মহাদেশে হয়েছিল।  
ক)দক্ষিণ আমেরিকা খ)এশিয়া গ)আফ্রিকা
- ৫) NEAC- এর পুরো কথাটি হল  
ক)ন্যাশনাল এনভায়রনমেন্ট অ্যাওয়ারেনেস ক্যাম্পেন  
খ)ন্যাশনাল এনভায়রনমেন্ট অ্যাক্রেডিটেশন কাউন্সিল  
গ)ন্যাশনাল এনভায়রনমেন্ট অ্যাকাউন্টিং কোম্পানি
- ৬) জলাভূমিতে থাকা অনুজীবের দ্বারা উদ্ভূত হয়  
ক)মিথেন খ)এরোসেল গ)এলিনভার

- ৭) জলাশয়ে পুষ্টিমাত্রা বৃদ্ধির ঘটনাকে বলে  
ক)বায়োম্যাগনিফিকেশন খ)ইউট্রোফিকেশন গ)নিউট্রিশন
- ৮) ফ্লুরোসিস রোগে ক্ষতিগ্রস্ত হয় মানুষের  
ক)নখ ও চামড়া খ)ফুসফুস ও যকৃৎ গ)দাঁত ও হাড়
- ৯) মানুষকে সঙ্গে সঙ্গে স্থায়ীভাবে বধির করতে পারে  
ক)৯০ ডেসিবেলের আওয়াজ খ)১০০ ডেসিবেলের আওয়াজ গ)১৫০ ডেসিবেলের আওয়াজ
- ১০) ভারতের কচ্ছ উপকূল ও সুন্দরবন অঞ্চলে যে অপ্রচলিত শক্তি উৎপাদনের সম্ভাবনা বেশী,সেটি হল  
ক)কোটাল শক্তি খ)ভূতাপ শক্তি গ)বায়ুশক্তি
- ১১) ২০০৫ সালের ফেব্রুয়ারী মাসে পরিবেশ সংক্রান্ত যে আন্তর্জাতিক চুক্তি বলবৎ হয়েছে,সেটি হল  
ক)কিয়োটো চুক্তি খ)দোহা চুক্তি গ)মন্ট্রিল চুক্তি
- ১২) ভাইরাস- ঘটিত রোগ  
ক)অ্যামিবায়েসিস খ)কলেরা গ)পোলিও
- ১৩) যে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার জন্য ম্যানগ্রোভ বন(বাদাবন)সংরক্ষণ করা জরুরী বলে মনে করা হয়,সেটি হল  
ক)বন্যা খ)ঘূর্ণিঝড় গ)ধস
- ১৪) বটগাছের বিজ্ঞানসম্মত নাম হল  
ক)কোকোস নুসিফেরা খ)ফিকাস রিলিজিওসা গ)ফিকাস বেঙ্গালেনসিস
- ১৫) তামিলনাড়ু রাজ্যে অবস্থিত জৈবমণ্ডল সংরক্ষিত এলাকাটির নাম  
ক)মান্নার উপসাগর খ)বন্দিপুর গ)পেরিয়ার
- ১৬) ভারতে পরিবেশ(রক্ষা)আইনটি জারি করা হয়

ক)১৯৮৪ সালে খ)১৯৮৬ সালে গ)১৯৮৮ সালে

১৭) ভারতের সংবিধানের কত নম্বর ধারায় মৌলিক কর্তব্য হিসেবে বলা হয়েছে যে, বন, হ্রদ, নদী, ও বন্যপ্রাণী সমেত প্রাকৃতিক পরিবেশ রক্ষা করা ও তার উন্নতিসাধন করা এবং সকল জীবিত প্রাণীর প্রতি সদয় হওয়া প্রতিটি ভারতীয় নাগরিকের কর্তব্য?

ক)৩১ এ খ)৪১ এ গ)৫১ এ

১৮) হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান এবং আদালতের চতুর্দিকে নিঃশব্দ অঞ্চলের ব্যাপ্তি

ক)১০০ মিটার খ)১৫০ মিটার গ)২০০ মিটার

১৯) সুস্থায়ী উন্নয়ন তিনটি ক্ষেত্রে পারস্পরিক উন্নয়নের ওপর নির্ভর করে, যথা,

ক)গোষ্ঠী, সংস্কৃতি ও অর্থনীতি খ)অর্থনীতি, গোষ্ঠী ও বাস্তুতন্ত্র গ)রাজনীতি, গোষ্ঠী ও অর্থনীতি

২০) ফাংগাস বা অণুছত্রাক ব্যবহৃত হতে পারে

ক)কীটপতঙ্গ দমনে খ)আগাছানাশক হিসাবে গ)জমির উর্বরতা বৃদ্ধি ঘটাতে